# শহীদ ওসমান হাদির স্মরণে কবর জিয়ারত করলেন তারেক রহমান



সংগৃহীত ছবি

রাজনৈতিক কর্মসূচির অংশ হিসেবে শনিবার সকালে ইনকিলাব মঞ্চের মুখপাত্র শহীদ ওসমান হাদির কবর জিয়ারত করেছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। সকাল সাড়ে ১১টার দিকে কবরস্থানে উপস্থিত হয়ে তিনি ফুল দিয়ে শ্রদ্ধা জানান এবং নীরবে দোয়া করেন।

এর আগে সকাল ১০টা ৪০ মিনিটের দিকে গুলশানের বাসভবন থেকে কবর জিয়ারতের উদ্দেশ্যে রওনা দেন তারেক রহমান। ঢাকা বিশ্ববিদ্যালয় সংলগ্ন এলাকায় পৌঁছালে বিএনপির গাড়িবহরকে স্বাগত জানান ছাত্রদলের নেতাকর্মীরা। এ সময় পুরো এলাকায় রাজনৈতিক নেতাকর্মীদের উপস্থিতিতে একটি আবেগঘন পরিবেশ সৃষ্টি হয়।

কবর জিয়ারত শেষে তারেক রহমানের আগারগাঁওয়ে নির্বাচন কমিশনে যাওয়ার কর্মসূচি রয়েছে, যেখানে তিনি জাতীয় পরিচয়পত্র নিবন্ধনের আনুষ্ঠানিকতা সম্পন্ন করবেন। তবে বিএনপির মিডিয়া সেলের পক্ষ থেকে জানানো হয়েছে, জুলাই গণঅভ্যুত্থানে কোনো আহত ব্যক্তির তালিকায় তার নাম না থাকায় তিনি পঙ্গু হাসপাতালে যাবেন না।

এর আগের দিন শুক্রবার তারেক রহমান বিএনপির প্রতিষ্ঠাতা ও শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেন। দীর্ঘ ১৯ বছর পর বাবার কবর জিয়ারত করে কিছু সময় নীরবে দাঁড়িয়ে থাকেন তিনি। পরে দলের স্থায়ী কমিটির সদস্যদের সঙ্গে নিয়ে পুষ্পস্তবক অর্পণ করেন এবং মহান মুক্তিযুদ্ধের শহীদদের স্মরণে সাভারের জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধা জানান। সেখানে পরিদর্শন বইয়ে স্বাক্ষর করেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান।

শহীদ ওসমান হাদি গত ১২ ডিসেম্বর রাজধানীর বিজয়নগরে দুর্বৃত্তের গুলিতে গুরুতর আহত হন তিনি। প্রথমে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে অস্ত্রোপচার করা হয়। পরে পরিবারের সিদ্ধান্ত অনুযায়ী তাকে এভারকেয়ার হাসপাতালে স্থানান্তর করা হয় এবং সেখান থেকে উন্নত চিকিৎসার জন্য সিঙ্গাপুর জেনারেল হাসপাতালে নেওয়া হয়।

সেখানে চিকিৎসাধীন অবস্থায় গত বৃহস্পতিবার রাত সাড়ে ৯টার দিকে তিনি মৃত্যুবরণ করেন। পরদিন ১৯ ডিসেম্বর রাতে তার মরদেহ দেশে আনা হয়। ২০ ডিসেম্বর ময়নাতদন্ত শেষে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম-এর কবরের পাশে তাকে দাফন করা হয়।